



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৫.২৩.১৪

তারিখ: ১৫ মাঘ ১৪৩০

২৯ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩-এর ১১/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন চরবাগডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ শহীদ রানা টিপু-কে কেন স্বীয় পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবে না এ বিষয়ে ইউপি-১ শাখা হতে গত ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০২.২১-৮৮০ সংখ্যক স্মারকে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ শহীদ রানা টিপু সংস্কর হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত নোটিশটি ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8126/potrojariAttachmentRef/52308/0/2240)

২৯-১-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৫.২৩.১৪/১

তারিখ: ১৫ মাঘ ১৪৩০

২৯ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৯-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)